যুগান্তর
প্রিন্ট: ১১ আগস্ট ২০২৫, ১০:২৮ এএম

সারাদেশ

# চট্টগ্রাম বোর্ডে নতুন জিপিএ-৫ ৬৫

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ১০ আগস্ট ২০২৫, ০৩:১৭ পিএম



চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণের ফল প্রকাশিত হয়েছে। চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে নতুন করে জিপিএ-৫ পেয়েছেন ৬৫ জন। ফেল থেকে পাস করেছেন ৬৪ জন।

রোববার (১০ আগস্ট) সকাল ১০টায় চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ করা হয়েছে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডে এবার ৭৮ হাজার ১৯২টি খাতা চ্যালেঞ্জের আবেদন করেছিলেন শিক্ষার্থীরা। এর মধ্যে এক হাজার ৭৪২টি খাতার নম্বর পরিবর্তন হয়েছে। এক হাজার ৬৬৯ শিক্ষার্থীর নম্বর পরিবর্তন হয়েছে।

চট্টগ্রাম বোর্ডে আবেদন করা শিক্ষার্থীদের মধ্যে গ্রেড পরিবর্তন হয়েছে ৬৪৬ জনের।

**ফল দেখবেন যেভাবে**

মোবাইলে মেসেজে SSC লিখে স্পেস দিয়ে ইংরেজিতে বোর্ডের প্রথম তিন অক্ষর লিখতে হবে, স্পেস দিয়ে রোল নম্বর দিতে হবে। এরপর স্পেস দিয়ে পরীক্ষার বছর লিখে 16222 নম্বরে বার্তা পাঠাতে হবে। (উদাহরণ: SSC Dha ROLL YEAR)। ফিরতি মেসেজে ফলাফল জানিয়ে দেয়া হবে।

মাদ্রাসা বোর্ডের পরীক্ষার্থীদের ফলাফল প্রকাশের আগে প্রি-রেজিস্ট্রেশন করতে হবে। প্রি-রেজিস্ট্রেশনের পদ্ধতি হলো Dakhil<>Board Name [First 3 Latter] <>Roll<>Year টাইপ করে 16222 নম্বরে পাঠাতে হবে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের জন্য: Dakhil Mad 123456 2024 লিখে পাঠাতে হবে 16222 নম্বরে। ফলাফল প্রকাশের সঙ্গে সঙ্গেই প্রি-রেজিস্ট্রেশন করা পরীক্ষার্থীদের মোবাইল নম্বরে ফলাফল স্বয়ংক্রিয়ভাবে পৌঁছে যাবে।

কারিগরি বোর্ডের পরীক্ষার্থীদের এসএমএসের মাধ্যমে ফলাফল জানতে SSC Board name (first 3 Letters) Roll Year টাইপ করে 16222 নম্বরে পাঠাতে হবে। উদাহরণ: SSC Tec 123456 2024 Send to 16222।